

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ৫২১.২০১৭- ২৬৪৫

তারিখ ১৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রীট পিটিশন নং-১৬৪০০/২০১৭ [ পিটিশনার সুনীল চন্দ্র সরকার, পিতা-গোলক চন্দ্র সরকার গ্রাম- বনগ্রাম, পোঃ নাগরকুন্দ, উপজেলা-সাভার, জেলা- ঢাকা বনাম সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ৪.১২.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, ঢাকার এল,এ,কেস নং- ৮/১৯৯৯-২০০০ এবং ৯/১৯৯৯-২০০০ মূলে ঢাকা জেলার মিরপুর থানার দ্বিগুন মৌজার সি,এস প্লট নং ৬৮, ৫৬, ৯১০ এবং ৯১৭ এর অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণের দাবীতে বাদী কর্তৃক সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ সুনানী অঞ্চে তর্কিত সম্পত্তির ক্ষতিপূরণ পিটিশনারের অনুকূলে প্রদানের জন্য কেন আদেশ দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রীট পিটিশন নং ১৬৪০০/২০১৭ এ প্রতিবন্ধিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব, প্রতিপক্ষেও বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব

৯৫৪০৯৯৫

E mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

জেলা প্রশাসক  
ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।